

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
উন্নয়ন শাখা
রমনা, ঢাকা
www.publiclibrary.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০০.০০০.১৪.০০০২.১৯.১৮

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ মে ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি সেবা কার্যক্রমে সরকারি গণগ্রন্থাগারসমূহকে সম্পৃক্তকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন 'দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি (৩য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (আরডিপিপি) গত ২৪.০৬.২০২৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভার সিদ্ধান্ত মোতাবেক পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক ০৯.০৭.২০২৫ তারিখে ৩য় সংশোধনী অনুমোদন করা হয়। পরবর্তীতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২৮.০৭.২০২৫ তারিখে প্রকল্পের ৩য় সংশোধনের প্রশাসনিক আদেশ জারি করা হয়।

০২। এ প্রেক্ষিতে ভ্রাম্যমাণ লাইব্রেরি সেবা পরিচালনার লক্ষ্যে এ সংক্রান্ত নির্দেশিকা ও শর্তসাপেক্ষে বিশ্বসাহিত্য কেন্দ্রের সাথে ০১.০২.২০২৬ তারিখে প্রকল্প কার্যালয়ের চুক্তি স্বাক্ষর হয় এবং লাইব্রেরি সেবা কার্যক্রম শুরু করা হয়। পরবর্তীতে ০৯.০২.২০২৬ তারিখে প্রকল্পটির কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়।

০৩। প্রকল্প অনুমোদনের শর্ত ও নির্দেশিকা অনুযায়ী দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি সেবার বিভিন্ন কার্যক্রমে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগারসমূহকে সম্পৃক্ত করা প্রয়োজন। এ লক্ষ্যে কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ, ভ্রাম্যমাণ লাইব্রেরির স্পট নির্ধারণ, সভা, সেমিনার ও বিভিন্ন অনুষ্ঠান আয়োজনসহ সংশ্লিষ্ট সকল কার্যক্রমে স্থানীয় সরকারি গণগ্রন্থাগার কর্তৃপক্ষের অংশগ্রহণ/সম্পৃক্তকরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-০৫-২০২৬

সঞ্জীব সূত্রধর
পরিচালক

ফোন : ০২২২২২৯৪৫৮

ইমেইল : sangib_ict75@yahoo.com

প্রকল্প পরিচালক

'দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি (৩য় সংশোধিত)' প্রকল্প।

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০০.০০০.১৪.০০০২.১৯.১৮/১ (৭)

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ মে ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (সকল)।

২। নির্বাহী পরিচালক, বিশ্বসাহিত্য কেন্দ্র, বাংলামটর, ঢাকা।

৩। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), গণগ্রন্থাগার অধিদপ্তর/সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা ও বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (সকল)।

- ৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল)।
- ৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা সরকারি গণগ্রন্থাগার, বকশীগঞ্জ/দেওয়ানগঞ্জ, জামালপুর।



Handwritten signature

২০-০৫-২০২৬

খালিদ মোহাম্মদ সাইফুল্লাহ
সিনিয়র লাইব্রেরিয়ান